নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
লাইসেন্স প্রদান পরিষেবা বিভাগ
সৌন্দর্যবর্ধন
পি.ও. বক্স 22049
অ্যালবানি, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
https://dos.ny.gov/cosmetology

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

প্রসাধনীবিদ্যার আবেদন

দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, লাইসেন্স প্রদানকারী পরিষেবা বিভাগ আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে উৎসাহিত করে। অনলাইন পরিষেবা ব্যবহার করলে আপনার আবেদন এবং আপডেট সংক্রান্ত কাজ দ্রুত মিটে যায় এবং লাইসেন্স প্রদানের সম্পূর্ণ প্রক্রিয়া চলাকালীন আপনাকে লাইসেন্সের রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে দেয়।

এই লিঙ্কে গিয়ে আমাদের ওয়েবসাইট দেখুন: www.dos.ny.gov

আরও তথ্যের জন্য এইসব নির্দেশের অনলাইন বিভাগটি দেখুন।

আবেদন সম্পূর্ণ করার আগে, নির্দেশাবলী মন দিয়ে পড়ুন। সব ক্ষেত্র পূরণ করা বাধ্যতামূলক, অসম্পূর্ণ থাকলে আবেদন ফিরিয়ে দেওয়া হবে, লাইসেন্স পেতে দেরি হবে। কোনও কিছু মুছে ফেলা হলে, কোনও ভুল তথ্য থাকলে বা আবেদনে বা প্রয়োজনীয় ডকুমেন্টে সম্পূর্ণ তথ্য প্রকাশ করতে না পারলে তা লাইসেন্স প্রদান না করার পর্যাপ্ত কারণ হিসেবে বিবেচনা করা হবে অথবা লাইসেন্স ইস্যু করা হয়ে থাকলে তা সাসপেন্ড বা বাতিল করে দেওয়া হতে পারে।

প্রসাধনীবিদ্যার পেশা পরিচালনার মধ্যে কী কী ধরা হয়?

প্রসাধনীবিদ্যা পেশা পরিচালনা করার মধ্যে অন্তর্ভুক্ত হল চুলের সাধারণ শৈলী, নন্দনতত্ত্ব, নখের পরিচর্যা এবং ওয়াক্সিং সংক্রান্ত পরিষেবা প্রদান করা এবং এছাড়াও মানুষের চুল, মাথা, মুখ, ঘাড় বা মাথার তালু সম্পর্কিত পরিষেবা প্রদান করা, এর মধ্যে দাড়ি কামানো, ছাঁটা, হাত দিয়ে বা মেকানিক্যাল সরঞ্জামের সাহায্যে এবং চুল ও দাড়ি কাটা এবং অ্যান্টিসেপটিক, পাউডার, তেল, মাটি, লোশন ইত্যাদি লাগানো অথবা চুল, মাথা বা মাথার তালুতে টনিক লাগানো অন্তর্ভুক্ত। এছাড়াও আরও যেসব জিনিস অন্তর্ভুক্ত সেগুলি হল ডাই, রিঅ্যাক্টিভ কেমিকেল ইত্যাদি লাগানো, চুলের রঙ পরিবর্তন করা, চুলের গঠন পরিবর্তন করা যেমন চুল সোজা করা বা কোঁকড়ানো করে তোলার প্রস্তুতির মতো প্রত্যক্ষ বা পরোক্ষ পরিষেবা প্রদান করার জন্য ফি নেওয়া বা অন্য কোনও বিবেচনা বা বিনিয়মের ভিত্তিতে এইসব পরিষেবা প্রদান করা।

প্রসাধনীবিদ্যার লাইসেন্সের জন্য কার আবেদন করা উচিত?

উপরে উল্লেখ করা অনুসারে প্রসাধনীবিদ্যা পেশা পরিচালনা করেন এমন যেকোনও ব্যক্তির আইনানুসারে প্রসাধনীবিদ্যার লাইসেন্স থাকতে হবে। প্রসাধনীবিদ্যার লাইসেন্স থাকার অর্থ এই নয় যে আপনার ব্যবসা চালানোর অনুমতি আছে; ব্যবসার জন্য আপনাকে আলাদাভাবে আবেদন করতে হবে এবং ব্যবসার জন্য আলাদা লাইসেন্স নিতে হবে।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কী ধরনের যোগ্যতা এবং সাপোর্টিং ডকুমেন্ট থাকতে হবে?

আপনার বয়স যদি কমপক্ষে 17 বছর হয়, তাহলে আপনি নিম্নলিখিত শর্তের ভিত্তিতে প্রসাধনীবিদ্যার লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন:

1) ***নিউ ইয়র্ক স্টেট এজুকেশন অ্যান্ড এগজামিনেশন (অস্থায়ী লাইসেন্সের জন্য উপযুক্ত)***

কোনও লাইসেন্স পেয়ে এই স্টেট এ কার্য পরিচালনা করতে হলে আপনাকে অবশ্যই একটি 1,000 ঘন্টার অনুমোদিত অধ্যয়ন পাঠ্যক্রম সম্পূর্ণ করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট এর লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় পাশ করতে হবে।

17 জুন, 2020 তারিখ থেকে, এমন সমস্ত কার্য পরিচালনাকারী আবেদনকারী যারা NYS এর শিক্ষা সম্পূর্ণ করার ভিত্তিতে যোগ্যতামান অর্জন করেছেন তারা অবশ্যই গার্হস্থ্য সহিংসতা ও যৌন লাঞ্ছনা বিষয়ে সচেতনতা অর্জনের জন্য একটি 1- ঘন্টার পাঠ্যক্রম সম্পূর্ণ করবেন। পাঠ্যক্রমটি সম্পূর্ণ করার জন্য আপনার আবেদনপত্র জমা করার আগে www.dos.ny.gov/licensing লিংকটি দেখুন।

একটি কাগজের আবেদনে স্কুল পরিচালককে আবেদন ফর্মের **নিউ ইয়র্ক স্টেট এর অনুমোদিত স্কুলের হলফনামা** বিভাগটি পূরণ করে স্বাক্ষর করতে হবে।

কোনও অনলাইন আবেদনপত্রর জন্য NYS লাইসেন্স সেন্টার ব্যবহার করে, আপনাকে অবশ্যই আপনার স্কুল সার্টিফিকেটে তালিকাবদ্ধ পাঠ্যক্রমের কোড এন্টার করতে হবে। যেসব স্কুলগুলি অনলাইন সার্টিফিকেট প্রদানের কর্মসূচীতে অংশগ্রহণ করছে তারা শিক্ষার্থীটি যে NYS লাইসেন্স সেন্টার এর মাধ্যমে পাঠ্যক্রমটি সম্পূর্ণ করেছে তার প্রকাশ্য ঘোষণা করবে। যেসব স্কুলগুলি অনলাইন সার্টিফিকেট কর্মসূচীতে অংশগ্রহণ করছে না, তাদের ক্ষেত্রে আপনি যখন অনলাইন আবেদনপত্রের "NYS এর স্কুল শিক্ষা গ্রহণের প্রকাশ্য ঘোষণা" বিভাগে এসে পৌঁছবেন, তখন আপনাকে অবশ্যই আপনার স্কুল সার্টিফিকেট আপলোড করতে হবে। কোন পদ্ধতিটি প্রয়োজনীয় সেই বিষয়ে সিস্টেমটি নির্বাচিত পাঠ্যক্রমের কোডের ভিত্তিতে আপনাকে অবহিত করবে।

আপনার আবেদনপত্রটি মূল্যায়ন করে গ্রহণ করার পর, আপনি একটি ইমেইল পাবেন যেটা পরীক্ষার প্রক্রিয়াটিকে বিস্তারিত ভাবে ব্যাখ্যা করবে।

2) ***নিউ ইয়র্ক স্টেট বা ইউনাইটেড স্টেটস এর বাইরে শিক্ষা গ্রহণ (সাময়িক লাইসেন্স পাবার যোগ্য)***

আপনি যদি অন্য স্টেট বা দেশের সমতুল্য স্তরের স্কুল শিক্ষার স্তরের নথি দেখাতে পারলে, আমরা নিউ ইয়র্ক স্টেট এর স্কুল শিক্ষা গ্রহণ জনিত প্রয়োজনীয়তার বিষয়ে ছাড় দিতে পারি। আপনাকে নিম্নলিখিত তিনটি নথিপত্রের **সবগুলি** অবশ্যই জমা করতে হবে:

(1) একটি স্কুল সার্টিফিকেট;

(2) একটি স্কুলের ট্রান্সক্রিপ্ট যেখানে শুনবার বিষয়গুলি এবং কত ঘন্টায় সম্পূর্ণ করা হয়েছে তার তালিকা দেওয়া থাকে;

এবং

(3) আপনার স্টেট বোর্ডের সাম্প্রতিক লাইসেন্সিওর সার্টিফিকেট **বা, যদি লাইসেন্স প্রাপ্ত না হয়ে থাকেন,** তাহলে আপনার স্টেটে বোর্ডের সাম্প্রতিক সার্টিফিকেট যেটা থেকে যত ঘন্টা দাবী করা হয়েছে সেটা যাচাই করা যেতে পারে।

আপনার আবেদনপত্রের মূল্যায়ন করা ও সেটা গ্রহণ করার পর, একটি প্রসাধনীবিদ্যা লাইসেন্স অর্জন করতে হলে আপনাকেও নিউ ইয়র্ক স্টেট এর লিখিত এবং ব্যবহারিক উভয় পরীক্ষাই

পাশ করতে হবে। আপনি এমন কিছু তথ্য পাবেন যেটা পরীক্ষা দেবার প্রক্রিয়াটিকে বিস্তারিত ভাবে ব্যাখ্যা করে।

3) **অভিজ্ঞতা:** *নিউ ইয়র্ক স্টেট এর বাইরে 5 বছর ধরে*

এমন যেকোনও ব্যক্তি যাদের প্রসাধনীবিদ্যার সমতুল্য পাঁচ বছরের আইনি পেশাদারিত্বের অভিজ্ঞতা আছে তারাও শিক্ষা ও অভিজ্ঞতার বিষয়ে সন্তোষজনক প্রমাণ দিয়ে একটি নিউ ইয়র্ক স্টেট এর লাইসেন্স পাবার জন্য আবেদন করতে পারেন।

ইউনাইটেড স্টেটস এর ভিতরের অভিজ্ঞতা:

(4) লাইসেন্স দেবার এজেন্সির থেকে প্রাপ্ত একটি আসল সার্টিফিকেট যেটা আপনাকে এর আগে লাইসেন্স দেওয়া হয়েছিল।

(5) দুটি অভিজ্ঞতা অর্জনের বিবৃতি যেটি পূর্ববর্তী নিয়োগকারীরা, সহকর্মীরা, গ্রাহকরা, পূরণ করে দেবেন, যেখানে সেই স্টেটে আপনার অন্তত পাঁচ বছর অভিজ্ঞতা থাকার দাবি করা হবে। এই অভিজ্ঞতার বিবৃতিগুলিতে অবশ্যই **সঠিক** তারিখ (চাকরি শুরুর মাস আর বছর এবং চাকরি শেষ হবার বছর ও মাস), অবস্থান (শহর, স্টেট, দোকানের নাম) এবং আপনি যে নির্দিষ্ট পরিষেবা দিতেন সেই কথা অন্তর্ভুক্ত থাকতে হবে।

(6) ট্যাক্স রিটার্ন করার একটি **কপি** যেখানে প্রসাধনীবিদ্যাকে পেশা হিসাবে উল্লেখ করা থাকে।

ইউনাইটেড স্টেটস এর বাইরের অভিজ্ঞতা:

প্রমাণটিতে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এ ছাড়া আরও অন্য কিছুও থাকতে পারে:

(1) আপনার দেশের লাইসেন্স দেবার কর্তৃত্ব থেকে প্রাপ্ত আনুষ্ঠানিক সার্টিফিকেট অথবা দূতাবাসের থেকে যাচাইকরণ পত্র যেখানে বলা থাকে যে এই পেশা পরিচালনা করার জন্য আপনার দেশে কোনও লাইসেন্স দরকার হয় না।

(2) আপনার দেশের নিয়োগকারী(দের) থেকে প্রাপ্ত চিঠিপত্র যেখানে চাকরি করার **সঠিক** তারিখ, অবস্থান এবং আপনি যে পরিষেবাগুলি দিতেন সেগুলি উল্লেখিত থাকবে।

(3) আপনার দেশের গ্রাহক(দের), বা সহকর্মী(দের) থেকে প্রাপ্ত চিঠিপত্র যেখানে চাকরি করার **সঠিক** তারিখ, অবস্থান এবং আপনি যে পরিষেবাগুলি দিতেন সেগুলি উল্লেখিত থাকবে।

(4) পাসপোর্ট এর **কপি** যেটি আপনার পেশা হিসাবে প্রসাধনীবিদ্যার পেশা, ড্রাইভারের লাইসেন্স, ওয়ার্কবুক সূচিত থাকবে যার মধ্যে প্রসাধনীবিদ্যা নিয়ে কাজ করার অভিজ্ঞতা, বা যেকোনও সচিত্র পরিচয়পত্র থাকবে।

(5) কোর্সের পাঠক্রম এবং বিভিন্ন ডিপ্লোমা/সার্টিফিকেটের বিভিন্ন **কপি** যা থেকে আপনার দেশে সম্পূর্ণ করা শিক্ষার বিষয়ে জানা যায়।

(6) ট্যাক্স রিটার্ন করার একটি **কপি** যেখানে প্রসাধনীবিদ্যাকে পেশা হিসাবে উল্লেখ করা থাকে।

আপনার আবেদনপত্রর মূল্যায়ন করা ও সেটি গ্রহণ করার পর, কোনও পরীক্ষা না দিয়ে বা বাড়তি কোনও শিক্ষা গ্রহণ না করেই আপনি নিউ ইয়র্ক স্টেট এর থেকে একটি প্রসাধনীবিদ্যা লাইসেন্স অর্জন করতে পারবেন।

4) **অনুমোদন প্রাপ্তি/***পারস্পরিক সুবিধাদান*

একজন আবেদনকারী যার অপর কোনও এখতিয়ারভুক্ত এলাকার অধীনে একটি প্রসাধনীবিদ্যা লাইসেন্স আছে উনি অনুমোদন পাবার মাধ্যমে বা পারস্পরিক সুবিধাদানের নীতি অনুসারে নিউ ইয়র্কে একটি প্রসাধনীবিদ্যা লাইসেন্স অর্জন করতে পারবেন। প্রসাধনীবিদ্যা কার্যকলাপের অনুমোদন পাবার বা পারস্পরিক সুবিধাদানের নীতির তালিকা দেখার জন্য এই ওয়েবসাইট *www.dos.ny.gov* দেখুন যেন নির্ধারণ করা যায় যে অনুমোদন পাবার মাধ্যমে বা পারস্পরিক সুবিধাদানের নীতির ভিত্তিতে লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্র পাওয়ার যোগ্যতা আপনার আছে কিনা।

একজন আবেদনকারী অবশ্যই 6 মাসের মধ্যে একটি আসল সার্টিফিকেটের একটি কপি জমা করবেন যে এখতিয়ারভুক্ত এলাকার থেকে উনি একটি সমতুল্য লাইসেন্স পেয়েছেন।

5) *নিউ ইয়র্ক স্টেট এর পূর্ববর্তী লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্র*

যে ব্যক্তি তার লাইসেন্সে উল্লেখিত মেয়াদ ফুরানোর তারিখের পর থেকে পাঁচ বছরের মধ্যে একটি আবেদনপত্র এবং পুনর্নবীকরণ করানোর ফী দিতে ব্যর্থ হন উনি এই ধরনের লাইসেন্স পাবার জন্য অযোগ্য হবেন যতদিন পর্যন্ত না উনি একটি লিখিত পরীক্ষায় পাশ করছেন। পূর্ববর্তী লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্রের প্রমাণ দরকার হতে পারে।

কাগজের আবেদনপত্রে আমাকে কেন আমার ইমেইল ঠিকানা সরবরাহ করতে হয়?

আপনার ইমেইল ঠিকানা আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট সৃষ্টি করার জন্য ব্যবহার করা হয়। বেশীরভাগ যোগাযোগ ইমেইলের মাধ্যমে পাঠানো হবে। আপনি যদি আপনার ইমেইল ঠিকানা পরিবর্তন করেন তাহলে ভবিষ্যতে আপনাকে আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে হবে এবং নতুন ইমেইল ঠিকানাটি দিয়ে সেটা আপডেট করতে হবে।

আমার আবেদনপত্র অনুমোদিত হবার পর আমি কীভাবে আমার পরীক্ষার সময়সূচী নির্ধারণ করব?

পরীক্ষাগুলির নির্ধারিত সময়সূচী কেবল আপনার অনলাইন অ্যাকাউন্ট এর মাধ্যমে উপলব্ধ হবে।

আপনার আবেদনপত্র অনুমোদিত হবার পর আপনি একটি ইমেইল পাবেন যেটি আপনাকে সূচিত করবে যে আপনি এখন আপনার পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারবেন। আপনি যদি NYS লাইসেন্স সেন্টার এর মাধ্যমে অনলাইনে আবেদন করে থাকেন তাহলে আপনি পরীক্ষার সময়সূচী নির্ধারণের জন্য আপনার অ্যাকাউন্ট-এ লগ করতে সক্ষম হবেন। আপনি যদি একটি কাগজের আবেদনপত্র দিয়ে লাইসেন্স পরিষেবা দেবার বিভাগে আবেদন করে থাকেন, তাহলে ইমেইলটি সেই ইমেইল ঠিকানাতে পাঠানো হবে যেটি আপনি আপনার আবেদনপত্রে অন্তর্ভুক্ত করেছিলেন। আপনি যদি সূচিত করে থাকেন যে আপনার বিশেষ পরীক্ষা দেবার ব্যবস্থাপনা দরকার, তাহলে আপনার সাথে লাইসেন্স পরিষেবা দেবার বিভাগের একজন প্রতিনিধি যোগাযোগ করে আপনার জন্য পরীক্ষা দেবার সময়সূচী নির্ধারণ করবেন।

আমি কি স্টেটের পরীক্ষাগুলিতে পাশ করার আগে কাজ করতে পারি?

হ্যাঁ। সেই আবেদনকারীদের জন্য দুটো ছয়-মাসের সাময়িক লাইসেন্স উপলব্ধ থাকে যারা পরীক্ষা দেবার প্রক্রিয়া চলাকালীন কাজ করতে চান। কেবল সেই আবেদনকারীরা যারা নিউ ইয়র্ক স্টেট বা ইউনাইটেড স্টেটস এ শিক্ষা অর্জন করার ভিত্তিতে আবেদন করছেন তারা সাময়িক লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্র পাবার যোগ্য হবেন। আবেদনকারীরা লিখিত বা ব্যবহারিক পরীক্ষাতে পাশ করার পর একটি সাময়িক লাইসেন্স পুনর্নবীকরণ করানোর জন্য আবেদন করতে পারেন। আপনি উভয় পরীক্ষায় পাশ করার পর, একটি চার-বছরের লাইসেন্স জারি করা হবে।

লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্র পাবার ফী ও মেয়াদগুলি কী?

$40 - আসল আবেদনপত্রের লাইসেন্স ফী (সমস্ত আবেদনকারীদের জন্য)। যে আবেদনকারীদের পরীক্ষাটিতে পাশ করতে হয় না (যেমন, 5 বছরের আইনি অভিজ্ঞতার ভিত্তিতে আবেদন করে থাকলে), তাদের কেবল এই ফী জমা দেওয়ার প্রয়োজন হয়।

$60.00 6 মাসের সাময়িক লাইসেন্স ফী।

$60.00 6 মাসের সাময়িক লাইসেন্স পুনর্নবীকরণ ফী (আলাদা আবেদনপত্র)।

অনুগ্রহ করে মনে রাখুন: যদি কোনও আসল আবেদনপত্র দিয়ে সাময়িক লাইসেন্স পাবার জন্য আবেদন করেন, তাহলে আপনি একটি $50 এর আবেদন করার ফী জমা করতে পারেন। আবেদনপত্রর জন্য আলাদা কোনও ফী দরকার হয় না।

লাইসেন্সিওর বা বিশেষ অনুমতিপত্রর মেয়াদ হল চার বছর। কোনও সাময়িক লাইসেন্স এর মেয়াদ হল 6 মাস।
$15 - পরীক্ষা ফী (আপনি আপনার অনলাইন পরীক্ষা দেবার সময়সূচী নির্ধারণ করবেন তখন সংগ্রহ করা হবে)

আপনারা কোন পদ্ধতিতে পেমেন্ট গ্রহণ করেন?

আপনি স্টেট ডিপার্টমেন্টের প্রতি প্রদেয় চেক বা মানি অর্ডারের মাধ্যমে পেমেন্ট করতে পারেন। আপনি কোনও ক্রেডিট কার্ড অধিকারপ্রদান ফর্ম ব্যবহার করে বা অনলাইনে আবেদন করার সময় আমেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা কার্ড দিয়েও পেমেন্ট করতে পারেন। নগদ অর্থ পাঠাবেন না। **আবেদন করার জন্য প্রদেয় ফী-গুলি ফেরতযোগ্য নয়।** আপনার ব্যাঙ্ক থেকে কোনও চেক ফেরত এলে $20 ফি চার্জ করা হবে।

লাইসেন্স প্রাপ্ত হবার জন্য আমার শারীরিক পরীক্ষা করানো কি প্রয়োজনীয়?

হ্যাঁ। প্রসাধনীবিদ্যা নিয়ে লাইসেন্স পাবার জন্য আবেদন করতে হলে আপনাকে একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করানো দরকার। আপনার **ডাক্তার, ডাক্তারের সহযোগী অথবা পেশাদার নার্সরা** অবশ্যই আবেদনপত্রটির স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান বিভাগটি অথবা আপনি যদি অনলাইনে আবেদন করছেন তাহলে স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান ফর্মটি (DOS-1948) পূরণ করা সম্পূর্ণ করে তাতে তারিখ দেবেন। সার্টিফিকেটটিতে স্বাক্ষর করে তারিখ দেওয়া হবার পর আপনাকে অবশ্যই আপনার আবেদনপত্র 30 দিনের মধ্যে জমা করতে হবে।

সন্তানপালন ভাতা সংক্রান্ত বিবৃতি

আপনার সন্তান থাক বা না থাক অথবা আপনার সন্তানপালন ভাতা সংক্রান্ত বাধ্যবাধকতা থাক বা না থাক, নিউ ইয়র্ক স্টেটে সন্তানপালন ভাতা সংক্রান্ত বিবৃতি মেনে চলা বাধ্যতামূলক (সাধারণ বাধ্যতামূলক আইন)। **এমন কোনও ব্যক্তি যার সন্তানপালন ভাতা প্রদান করার ক্ষেত্রে চার মাস বা তার বেশি সময়ের বকেয়া আছে, তার ব্যবসা, পেশা এবং ড্রাইভিং লাইসেন্স সাসপেন্ড করা হতে পারে।** সন্তানপালন ভাতা সংক্রান্ত বাধ্যবাধকতা এড়িয়ে চলার জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে লিখিত মিথ্যা বিবৃতি প্রদান করা হলে তা শাস্তিমূলক আইনের §175.35 অনুসারে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করা হবে। জালিয়াতির উদ্দেশ্যে স্টেট বা স্থানীয় সরকারের কাছে মিথ্যা ডকুমেন্ট জমা করা হল 'ই' শ্রেণির অপরাধ।

অনলাইন পরিষেবাগুলির বিষয়ে তথ্য:

দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, লাইসেন্স প্রদানকারী পরিষেবা বিভাগ আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে উৎসাহিত করে। অনলাইন পরিষেবা ব্যবহার করলে আপনার আবেদন এবং আপডেট সংক্রান্ত কাজ দ্রুত মিটে যায় এবং লাইসেন্স প্রদানের সম্পূর্ণ প্রক্রিয়া চলাকালীন আপনাকে লাইসেন্সের রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে দেয়।

আরও পরিপূর্ণ নির্দেশিকা ও অন্যান্য অনলাইন তথ্যের জন্য http://www.dos.ny.gov/licensing/lc-faq.html এ থাকা FAQগুলি দেখুন

অনলাইনে কী ধরনের লেনদেন ও তথ্য উপলব্ধ আছে?

- একটি প্রাথমিক আবেদনপত্র পূরণ করুন
- কোনও আবেদনপত্রর অবস্থা যাচাই করুন
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করুন
- একটি পরীক্ষার সময়সূচী নির্ধারণ করুন এবং তার ফলাফলগুলি দেখুন
- কোনও লাইসেন্সের অবস্থা যাচাই করুন
- লাইসেন্সের তথ্য সংশোধন করুন
- একটি ডুপ্লিকেট লাইসেন্স পাবার অনুরোধ করুন

NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর অধীনে আমি কীভাবে একটি অ্যাকাউন্ট নথিভুক্ত করতে পারব?

NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর অধীনে একটি অ্যাকাউন্ট নথিভুক্ত করতে হলে, আপনাকে প্রথমে অবশ্যই My NY.gov এ নথিভুক্ত হতে হবে।

আপনি যদি এখন My NY.gov এ নথিভুক্ত না হয়ে থাকেন, তাহলে My NY.gov এর নথিভুক্তকরণের সাইট https://aca.licensecenter.ny.gov/aca/ এ গিয়ে 'আমার একটি NY.gov আইডি দরকার' লিংক-এ ক্লিক করুন এবং My NY.gov এর জন্য নথিভুক্তকরণের নির্দেশিকা মেনে চলুন। একবার My NY.gov এ নথিভুক্ত হবার পর, My NY.gov এ যে বিকল্পগুলি উপলব্ধ আছে তার থেকে NYS লাইসেন্স সেন্টারটি নির্বাচন করুন। NYS লাইসেন্স সেন্টার এর ডানদিকের উপরের কোণে থাকা 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' লিংকটিতে ক্লিক করুন। প্রয়োজনীয় ক্ষেত্রগুলি পূরণ করুন তাহলে এই তথ্যটি আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে সমস্ত নতুন আবেদনপত্রগুলিতে প্রি-পপুলেট বা স্বয়ংক্রিয় ভাবে পূরণ করা হবে। এই তথ্য পূরণ করে সেভ করার পর, অগ্রসর হবার জন্য 'মুখ্য পৃষ্ঠা' ট্যাব এ ক্লিক করুন।

আমার যদি ইতিমধ্যে একটি My NY.gov অ্যাকাউন্ট থেকে থাকে তাহলে কী হবে?

আপনি যদি একবার My NY.gov এ নথিভুক্ত হয়ে থাকেন, তাহলে My NY.gov এ যে বিকল্পগুলি উপলব্ধ আছে তার থেকে NYS লাইসেন্স সেন্টারটি বিকল্পটি নির্বাচন করুন। এর ফলে আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট সৃষ্টি হবে। NYS লাইসেন্স সেন্টার এর থেকে, ডানদিকের উপরের কোণে থাকা 'অ্যাকাউন্ট ব্যবস্থাপনা' লিংকটিতে ক্লিক করুন। প্রয়োজনীয় ক্ষেত্রগুলি পূরণ করুন তাহলে এই তথ্যটি আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে সমস্ত নতুন আবেদনপত্র প্রি-পপুলেট বা স্বয়ংক্রিয় ভাবে পূরণ করা হবে। এই তথ্য পূরণ করে সেভ করার পর, অগ্রসর হবার জন্য 'মুখ্য পৃষ্ঠা' ট্যাব এ ক্লিক করুন।

আমি কীভাবে NYS লাইসেন্স সেন্টারে একটি লাইসেন্স পাবার জন্য আবেদন করতে পারব?

NYS লাইসেন্স সেন্টার এ একটি লাইসেন্স পাবার জন্য আবেদন করতে, আপনাকে অবশ্যই একটি অ্যাকাউন্ট সৃষ্টি করতে বা আপনার এখনকার অ্যাকাউন্টে লগইন করতে হবে। আপনার লাইসেন্সের জন্য অনলাইনে আবেদন করার জন্য এই ধাপগুলি অনুসরণ করুন:

- একটি অ্যাকাউন্ট খোলার জন্য নথিভুক্ত হোন বা আপনার অ্যাকাউন্টে লগইন করুন (উপরোক্ত "NYS লাইসেন্স সেন্টার (NYSLC) এর অধীনে আমি কীভাবে একটি অ্যাকাউন্ট নথিভুক্ত করতে পারব?" লেখাটি দেখুন)
- আপনি 'মুখ্য পৃষ্ঠা' ট্যাবে NYS লাইসেন্স সেন্টারে লগইন করার পর, 'এখন একটি নতুন লাইসেন্স বা পারমিটের জন্য আবেদন করুন' লিংকটি নির্বাচন করুন
- অনলাইনে সরবরাহ করা আবেদন করার নির্দেশিকাগুলি অনুসরণ করুন
- যেকোনও সহযোগী নথিপত্র আপলোড করুন
- পেমেন্ট করুন এবং পেমেন্ট সুনিশ্চিত হবার পৃষ্ঠাটি প্রিন্ট করুন

আপনি আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে সক্ষম হবেন এবং আপনার আবেদনপত্রটির অবস্থা দেখতে পাবেন।

আমি অনলাইনে কীভাবে একটি অতিরিক্ত লাইসেন্স সৃষ্টি করতে পারি?

একটি অতিরিক্ত লাইসেন্সের জন্য আবেদন করতে হলে, আপনার অ্যাকাউন্ট এ লগইন করুন আর 'আমার লাইসেন্সগুলি ব্যবস্থিত করুন' ট্যাবটিতে ক্লিক করুন আর তারপর 'এখনই আবেদন করুন!

একটি নতুন লাইসেন্স বা পারমিটের জন্য' লিংকটিকে নির্বাচন করুন। নিয়ম ও শর্তাবলী পড়ে নিয়ে তাতে সম্মত হলে সিস্টেমটি আপনাকে সেখান থেকে গাইড করে নিয়ে চলবে।

আমি অনলাইনে কীভাবে একটি লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারি?

আপনার যদি এখন একটি NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট থাকে, আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হবার তিন মাস আগে আপনি ইমেইলের মাধ্যমে একটি পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি পাবেন। ইমেইলটিতে আপনার অ্যাকাউন্টের একটি লিংক থাকে। লিংকটিতে ক্লিক করুন আর পুনর্নবীকরণ আবেদনপত্র নিয়ে অগ্রসর হোন।

আপনার যদি এখন NYS লাইসেন্স সেন্টারর অ্যাকাউন্ট না থাকে তবে আপনার লাইসেন্সের মেয়াদ ফুরাবার তিন মাস আগে আপনি মেলের মাধ্যমে আপনার পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি পাবেন। এই বিজ্ঞপ্তিতে NYS লাইসেন্স সেন্টারে একটি অ্যাকাউন্ট সৃষ্টি করার বিষয়ে নির্দেশিকা থাকবে।

অনলাইন সিস্টেমটির জন্য আমার ইউজার আইডি কী?

আপনি যখন My NY.gov এ আপনার অ্যাকাউন্ট সৃষ্টি করেন, তখন আপনি একটি অদ্বিতীয় ইউজার আইডি সৃষ্টি করবেন আর আপনার ইমেইল ঠিকানা ব্যবহার করবেন। আপনি তারপর আপনার ইউজার আইডি দিয়ে আপনার অ্যাকাউন্ট ব্যবহার করতে সক্ষম হবেন।

আমি কীভাবে আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্য আপডেট করব?

এমন দুটো অবস্থান আছে যেখানে আপনাকে আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্য আপডেট করতে হবে। আপনাকে আপনার তথ্য My NY.gov এবং আপনার NYS লাইসেন্স সেন্টারে আপডেট করতে হবে।

আপনার অ্যাকাউন্ট ব্যবস্থিত করার বিষয়ে তথ্য জানবার জন্য My NY.gov এ থাকা FAQগুলি দেখুন।

উপরের রো তে থাকা আপনার NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্টে লগইন করুন, যেখানে আপনি 'আমার লাইসেন্স ব্যবস্থিত করুন' শিরোনামের লিংক দেখতে পাবেন। সেখান থেকে আপনি একটি যোগাযোগের তথ্য পরিবর্তন জনিত সংশোধন সম্পূর্ণ করে আপনার অ্যাকাউন্টের তথ্য আপডেট করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, আমি এই বিভাগকে শারীরিক পরীক্ষা বিষয়ে কীভাবে বিজ্ঞপ্তি দেব?

প্রসাধনীবিদ্যার কাজ নিয়ে লাইসেন্স পাবার জন্য আবেদন করতে হলে সমস্ত আবেদনকারীকে একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করানো দরকার। একজন ডাক্তার, ডাক্তারের সহায়ক বা পেশাদার নার্সের দ্বারা পরীক্ষা করানোর পরে আবেদনপত্রটি 30 দিনের মধ্যে জমা দিতে হবে এবং লাইসেন্স দেবার আবেদনপত্রের উপর তাদের নাম এবং যোগাযোগের তথ্য অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান ফর্ম (DOS-1948) অবশ্যই পূরণ করতে হবে এবং স্টেট ডিপার্টমেন্টের ওয়েবসাইট থেকে এটা ডাউনলোড করা যাবে।

NYS লাইসেন্স সেন্টার ব্যবহার করে আপনার অনলাইন আবেদনপত্রে, আপনাকে অবশ্যই সম্পূর্ণ করা স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান ফর্মে থাকা তথ্য ব্যবহার করতে হবে। আপনাকে এই ফর্মের থেকে সিস্টেমটির ভেতরে থাকা স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান ক্ষেত্রগুলিতে তথ্যগুলি এন্টার করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখুন: একজন তদন্তকারী এই সম্পূর্ণ করা স্বাস্থ্য সার্টিফিকেট প্রদান ফর্ম এর অডিট করবেন যেন প্রয়োজনীয়তার প্রতি আনুগত্য নিশ্চিত করা যায়। এই ফর্মের প্রমাণ অবশ্যই আপনার কাজের পরিসরে অডিট করার উদ্দেশ্যে রক্ষণাবেক্ষণ করা হবে।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

আমাকে কি আবেদনপত্রটিতে আমার সোশ্যাল সিকিউরিটি ও ফেডারাল আইডি নম্বর সরবরাহ করতে হবে?

হ্যাঁ, আপনার যদি সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ফেডারাল আইডি নম্বর থাকে, তাহলে আপনাকে এই নম্বর সরবরাহ করতে হবে। আপনার যদি সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ফেডারাল আইডি নম্বর না থাকে, অনুগ্রহ করে একটি লিখিত ব্যাখ্যা দিন।

স্টেট ডিপার্টমেন্টকে সমস্ত লাইসেন্সধারীদের ফেডারাল সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হবে। এই ধরনের ব্যক্তিগত তথ্য অনুরোধ এবং বজায় রাখার কর্তৃত্ব ট্যাক্স ল এর §5 এবং জেনারাল অবলিগেশন ল এর §3-503 এ পাওয়া যায়। আপনার তথ্য প্রকাশ করা বাধ্যতামূলক। কর ও অর্থসংস্থান বিভাগকে কর রিটার্ন দাখিলে যারা কর্তব্যবিমুখ এমন ব্যক্তি, ব্যবসা এবং অন্যান্যদের বা যারা তাদের কর দেবার দায়বদ্ধতাকে অবমূল্যায়িত করে রাখে তাদেরকে শনাক্ত করতে এবং সাধারণত কর ও অর্থসংস্থান কমিশনার দ্বারা পরিচালিত কর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের শনাক্ত করতে সক্ষম করার জন্য এই তথ্য সংগ্রহ করা হয়। এটি কর প্রশাসনের উদ্দেশ্যে এবং কর আইন দ্বারা অনুমোদিত অন্য কোনও উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং শিশু সহায়তা প্রয়োগকারী এজেন্সিগুলি বা সোশ্যাল সিকিউরিটি আইনের শীর্ষক IV-D অনুসারে প্রতিষ্ঠিত এই বা অন্যান্য স্টেটে তাদের অধিকারপ্রাপ্ত প্রতিনিধির সহায়তার একটি আদেশ প্রতিষ্ঠা, পরিবর্তন বা প্রয়োগ করতে ব্যবহার করতে পারে, তবে এটা জনসাধারণের জন্য উপলব্ধ হবে না। যেখানে কোনও নম্বর সরবরাহ করা হয়নি সেখানে তার একটি ব্যাখ্যা থাকা প্রয়োজন। প্রশাসন ও ব্যবস্থাপনা নির্দেশক বা ডাইরেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট দ্বারা এই তথ্য লাইসেন্স প্রদানের তথ্য রক্ষার সিস্টেমে রক্ষণাবেক্ষণ করা হবে ওয়ান কমার্স প্লাজা, 99 ওয়াশিংটন অ্যাভেনিউ, অ্যালবানি, NY 12231-0001 এই ঠিকানায়।

আপনি কি ভোট দেবার জন্য নথিভুক্ত হতে চাইবেন?

অনুগ্রহ করে NY স্টেট বোর্ড অফ ইলেকশনের ওয়েবসাইট www.elections.ny.gov/votingregister.html দেখুন অথবা একটি NYS ভোটাদাতা নথিভুক্তকরণ ফর্ম দেবার জন্য অনুরোধ করতে **1-800-FOR-VOTE** এখানে ফোন করুন।

অনলাইনে নথিভুক্ত করতে, অনুগ্রহ করে www.ny.gov/services/register-vote ওয়েবসাইটটি দেখুন।

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

আবেদন নম্বর
AEC-A-____ -______________

ফি $40 অথবা $50

নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
লাইসেন্স প্রদান পরিষেবা বিভাগ
সৌন্দর্যবর্ধন
পি.ও. বক্স 22049
অ্যালবানি, NY 12201-2049
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
https://dos.ny.gov/cosmetology

NEW YORK STATE OF OPPORTUNITY. Division of Licensing Services

প্রসাধনীবিদ্যার আবেদন

এই আবেদন সম্পূর্ণ করার আগে নির্দেশাবলী পড়ুন। আপনাকে প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে এবং কলম দিয়ে স্পষ্ট হরফে লিখতে হবে।

যোগ্যতা অর্জন করার নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে থেকে একটি বেছে নিন।

আমি এগুলির ভিত্তিতে লাইসেন্সের জন্য আবেদন করছি (আবেদন করার জন্য $40 ফি দিতে হবে):

_________ 1. নিউ ইয়র্ক স্টেট এজুকেশন অ্যান্ড এগজামিনেশন (1,000 ঘন্টার অনুমোদিত অধ্যয়নের পাঠ্যক্রম সম্পূর্ণ করা)
_________ 2. পূর্ববর্তী নিউ ইয়র্ক স্টেট কসমেটোলজি লাইসেন্স – লাইসেন্স UID #______________________ মেয়াদ শেষ হওয়ার তারিখ ________________
_________ 3. নিউ ইয়র্ক স্টেট বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষালাভ
_________ 4. অভিজ্ঞতা: নিউ ইয়র্ক স্টেট বা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে 5 বছর শিক্ষালাভ স্টেট_________________ দেশ ______________________
_________ 5. অনুমোদন প্রাপ্তি/পারস্পরিক সুবিধাদান - স্টেটের নাম লিখুন ____________________________

উপর থেকে 1, 2 বা 3 নম্বর বিকল্প বেছে নিয়ে থাকলে, আপনি হয়ত ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন (অতিরিক্ত $10 ফি দিতে হবে), যা আপনাকে নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা দেওয়ার সময় অনুশীলন করার অনুমতি দেবে।

_________ **আমি ছয় মাসের অস্থায়ী লাইসেন্সের জন্য অনুরোধ করছি। ($40 + $10 = $50 আবেদন করার জন্য ফি দিতে হবে)**

উপর থেকে 1, 2 বা 3 নম্বর বিকল্প বেছে নিয়ে থাকলে, আপনার আবেদন অনুমোদিত হওয়ার পরে পরীক্ষার সময় নির্ধারণ করে আপনাকে ইমেলের মাধ্যমে একটি লিঙ্ক পাঠানো হবে।

_________ **পরীক্ষা দেওয়ার জন্য আমার বিশেষ ব্যবস্থার প্রয়োজন।**

আপনার পড়াশোনা সংক্রান্ত বা শারীরিক, মানসিক বা মনস্তাত্তিক সমস্যা থাকলে এবং আপনি পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে বিশেষ ব্যবস্থার জন্য অনুরোধ করে থাকলে, আপনাকে অবশ্যই "পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে বিশেষ ব্যবস্থার অনুরোধ করার" ফর্মটি (DOS-1591) সম্পূর্ণ করে আবেদনের সাথে জমা করতে হবে। আপনার অবস্থার প্রমাণ হিসেবে, আপনাকে ডাক্তার, অন্যান্য যোগ্য পেশাদারের থেকে পাওয়া ডকুমেন্ট জমা করতে হবে অথবা স্কুল বা অন্যান্য প্রতিষ্ঠানে আগে এমন কোনও সুযোগ-সুবিধা পেয়ে থাকলে তার প্রমাণ দিতে হবে। আপনার আবেদন অনুমোদন হওয়ার পরে, পরীক্ষার সময় নির্ধারণ করার জন্য NYS লাইসেন্স প্রদান পরিষেবার কোনও প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন।

আবেদনকারীর তথ্য

নাম	পদবি	মধ্যনাম	সাফিক্স	
বাড়ির ঠিকানা (রাস্তার নাম ও নম্বর লিখুন)			স্যুট, অ্যাপার্টমেন্ট, ইউনিট	
শহর	স্টেট	পিন কোড	কাউন্টি	দেশ
যোগাযোগের ঠিকানা (এখানে পি.ও. বক্স নম্বর লিখুন)				
শহর	স্টেট	পিন কোড	কাউন্টি	দেশ
ইমেল আইডি	সোশ্যাল সিকিউরিটি নম্বর	ফেডারেল ট্যাক্সপেয়ার আইডি		
জন্মতারিখ	বাড়ির ফোন নম্বর	মোবাইল ফোন নম্বর	কর্মস্থলের ফোন নম্বর	

প্রসাধনীবিদ্যার আবেদন

স্বাস্থ্য সংক্রান্ত সার্টিফিকেশন – আপনার শারীরিক পরীক্ষা হয়ে যাওয়ার পরে, **30 দিনের** মধ্যে আপনাকে অবশ্যই এই আবেদন জমা দিতে হবে।

আমি একজন লাইসেন্সপ্রাপ্ত ডাক্তার, ডাক্তারের সহযোগী অথবা পেশাদার নার্স এবং ____________________ *(পরীক্ষার তারিখ)* তারিখে এই আবেদনপত্রে উল্লেখ করা নামের ব্যক্তির রুটিন পরীক্ষা করাকালীন, আমি এমন কোনও রকম সংক্রামক বা ছোঁয়াচে অসুখ থাকার প্রমাণ পাইনি যা আবেদনকারীর পেশা নির্বাহের ক্ষেত্রে অন্যান্য ব্যক্তিদের স্বাস্থ্য বা সুরক্ষা সম্পর্কিত ঝুঁকি তৈরি করতে পারে।

ডাক্তারের নাম স্পষ্ট হরফে লিখুন ____________________

ডাক্তারের ঠিকানা ____________________

____

ডাক্তারের স্বাক্ষর ____________________ *তারিখ* ____________________

গার্হস্থ্য সহিংসতা এবং যৌন নিগ্রহ বিষয়ক সচেতনতা সংক্রান্ত বিবৃতি

☐ আমি প্রত্যয়ন করছি যে, NYS এডুকেশন সম্পূর্ণ করার ভিত্তিতে আমি উপযুক্ত এবং গার্হস্থ্য সহিংসতা এবং যৌন নিগ্রহ বিষয়ক সচেতনা সম্পর্কিত 1 ঘণ্টার পাঠ্যক্রম সম্পূর্ণ করেছি বা আমাকে এই শর্ত পূরণ করা থেকে ছাড় দেওয়া হয়েছে।

সন্তানপালন ভাতা সংক্রান্ত বিবৃতি

এই আবেদনে স্বাক্ষর করার অর্থ হল, আমি প্রত্যয়ন করছি যে আবেদন করার তারিখ থেকে, সন্তানপালন ভাতা প্রদান করার জন্য কোনও বাধ্যবাধকতা আমার নেই **অথবা** সন্তানপালন ভাতা প্রদান করার ক্ষেত্রে আমার যদি কোনও রকম বাধ্যবাধকতা থেকে থাকে তাহলে চার বা তার বেশি মাস পর্যন্ত আমার কোনও সন্তানপালন ভাতা বকেয়া নেই বা আমার বেতন থেকে সরাসরি কেটে নেওয়া হয় অথবা আদালতে অর্থপ্রদানের বিষয়ে হওয়া সহমত বা উভয় পক্ষের মধ্যে অর্থপ্রদানের বিষয়ে হওয়া সহমতের ভিত্তিতে অর্থপ্রদান করছি অথবা আমার সন্তানপালন ভাতা সংক্রান্ত বাধ্যবাধকতা আদালতের সিদ্ধান্ত সাপেক্ষ অথবা আমি সরকারি সহায়তা বা সাপ্লিমেন্টাল নিরাপত্তা উপার্জন লাভ করছি।

আবেদনকারীর বিবৃতি – মিথ্যাচারের শাস্তির কথা মাথায় রেখে আমি নিশ্চিত করছি যে, এই আবেদনে ব্যক্ত করা বিবৃতি সত্য এবং সঠিক। আমি আরও নিশ্চিত করছি যে, আমি সাধারণ ব্যবসা আইনের ধারা 27-এর প্রবিধান ও সেখানে উল্লেখিত বিধিনিয়ম পড়েছি ও বুঝেছি।

X ____________________ ____________________

আবেদনকারীর স্বাক্ষর *তারিখ*

আপনি যদি নিউ ইয়র্ক স্টেট এজুকেশন এবং এগজামিনেশনের ভিত্তিতে আবেদন করেন, তাহলে আপনার স্কুলের অধিকর্তা বা অধ্যক্ষকে নিম্নলিখিতগুলি অবশ্যই পূরণ করতে হবে:

নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত স্কুলের নিশ্চিতকরণ

স্কুলের নাম		
স্কুলের ঠিকানা (রাস্তার নাম ও নম্বর লিখুন)		
শহর	স্টেট	পিন কোড
স্কুলের পাঠ্যক্রম সংক্রান্ত কোড (NYS ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা প্রদান করা পাঁচ সংখ্যার কোড)		
স্কুলের অধিকর্তা বা অধ্যক্ষের সম্পূর্ণ নাম (বড় হাতের অক্ষরে)	উপাধি (অধিকর্তা বা অধ্যক্ষ)	
আবেদনকারীর সম্পূর্ণ নাম (স্পষ্ট হরফে)		

প্রসাধনীবিদ্যার আবেদন

মিথ্যাচারের শাস্তির কথা মাথায় রেখে আমি নিশ্চিত করছি যে উপরে উল্লেখ করা স্কুলটি শিক্ষা আইনের §5001 ধারা অনুসারে লাইসেন্সপ্রাপ্ত এবং/অথবা নিউ ইয়র্ক স্টেটের বোর্ড অফ রিজেন্ট দ্বারা অনুমোদিত। এই আবেদনে নাম উল্লেখ করা ব্যক্তি ______________________ *(তারিখ)* তারিখে 1,000 ঘন্টার অনুমোদিত পাঠ্যক্রম সম্পূর্ণ করেছেন

______________________________ ______________________________

স্কুলের অধিকর্তা/অধ্যক্ষের স্বাক্ষর *তারিখ*

স্কুলের স্ট্যাম্প

আবেদন করার ফি (NYS ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে প্রদেয়) — আবেদন করা এবং অস্থায়ী লাইসেন্সের জন্য $50; অথবা শুধুমাত্র আবেদন করার জন্য $40 প্রদান করার সাথে সাথে কোনও ব্যাখ্যা বা বিবৃতি জমা দেওয়ার প্রয়োজন হলে আবেদনের সাথে সেটিও জমা করতে ভুলবেন না। আপনার ব্যাঙ্ক থেকে কোনও চেক ফেরত এলে $20 ফি চার্জ করা হবে। আপনি ক্রেডিট কার্ডের মাধ্যমে পেমেন্ট করতে চাইলে, আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov -এ গিয়ে ক্রেডিট কার্ড অনুমোদন সংক্রান্ত ফর্ম নিন এবং সেটি পূরণ করে এই আবেদনের সাথে জমা দিন।

আপনার বাড়ির ঠিকানা বা ইমেল আইডিতে কোনও পরিবর্তন হলে, লাইসেন্সের পুনর্নবীকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং লাইসেন্স সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি পাওয়ার জন্য, সেই পরিবর্তনের বিষয়ে বিভাগকে জানানো গুরুত্বপূর্ণ।